# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 13-02-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গে SIR এর কাজকর্ম খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনারের নেতৃত্বে নির্বাচন কমিশনের পুর্নাঙ্গ বেঞ্চ আজ ভার্চুয়া বৈঠকে বসছে।

২) রাজ্যের পঞ্চায়েতগুলির জন্য উন্নয়ন প্রকল্পে সহায়তা দিতে কেন্দ্রীয় সরকার পঞ্চদশ অর্থ কমিশনের অনুদানের দ্বিতীয় কিস্তি বাবদ প্রায় ৬৮১ কোটি টাকা দিয়েছে।

৩) পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষায় প্রার্থীর নাম, প্রাপ্ত নম্বর এবং নির্দিষ্ট সংরক্ষিত শ্রেণীর উল্লেখ করে তালিকা প্রকাশের কলকাতা হাইকোর্টের নির্দেশের বিরুদ্ধে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার।

৪) নিপা ভাইরাসে আক্রান্ত তরুণী নার্সের গতকাল মৃত্যু হয়েছে।

৫) রেল মন্ত্রক পুরুলিয়ায় তিনটি প্যাসেঞ্জার হল্ট তৈরির অনুমোদন দিয়েছে।

৬) আজ বিশ্ব বেতার দিবস।

ooooooooooooooooooooooooooo

রাজ্যের ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR এর কাজকর্ম খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনারের নেতৃত্বে নির্বাচন কমিশনের পুর্নাঙ্গ বেঞ্চ আজ ভার্চুয়ালী বৈঠকে বসছে। সকাল ১১টা থেকে এই বৈঠক অনুষ্ঠিত হবে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক জেলা শাসক তথা জেলা

নির্বাচনী আধিকারিক এবং রোল অবজার্ভাররা। রাজ্যে নির্বাচনী দায়িত্বে থাকা আধিকারিকদের ভূমিকা সহ নানা বিষয় বৈঠকে পর্যালোচনা করা হবে বলে সূত্রের খবর।

এদিকে, নির্বাচন কমিশনের তরফে ইতিমধ্যেই রাজ্যে ভোটের প্রস্তুতি জোরদার করার নির্দেশ দেওয়া হয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, আধিকারিকদের বদলি ও নিয়োগ, মাইক্রো অবজ়ার্ভারদের প্রশিক্ষণ, গণনা কেন্দ্র নির্ধারণ—একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে গত কয়েক সপ্তাহ ধরে তৎপরতা বেড়েছে। সেই প্রেক্ষিতেই এই ভিডিও বৈঠককে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, প্রতিটি জেলা থেকে এস আই আর সংক্রান্ত কাজের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত রিপোর্ট চাওয়া হবে। কোথাও কোনও ঘাটতি থাকলে তা দ্রুত পূরণ করার নির্দেশও দেওয়া হতে পারে। আসন্ন নির্বাচনকে স্বচ্ছ ও শান্তিপূর্ণ করতে প্রয়োজনীয় সব পদক্ষেপই এই বৈঠকে চূড়ান্ত করা হতে পারে বলে প্রশাসনিক মহলের ধারণা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশের প্রেক্ষিতে রাজ্য সরকার নির্বাচন কমিশনকে মাইক্রো অবজার্ভার পদে নিয়োগের জন্য ৮ হাজার ৫০৫ জন আধিকারিকের তালিকা দিলেও এখনও পর্যন্ত তাঁদের মধ্যে প্রায় ৬ হাজার ৩০০ জন কাজে যোগ দিয়েছেন বলে নির্বাচন কমিশন জানিয়েছে। যাদের নাম পাঠানো হয়েছে তাদের মধ্যে প্রায় ৪০০ জন ইতিমধ্যেই এইআরও পদে নিযুক্ত রয়েছেন বলে দেখা যাওয়ায় নতুন করে জটিলতা দেখা দিয়েছে। এমতাবস্থায় রাজ্য সরকারের দেওয়া তালিকা থেকে ঠিক কতজন আধিকারিক এইআরও পদে নিযুক্ত রয়েছেন, তার বিস্তারিত রিপোর্ট অবিলম্বে জমা দিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে নির্বাচন প্রক্রিয়াকে ব্যাহত করার অভিযোগ এনেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, নির্বাচনী প্রক্রিয়ায় মাইক্রো অবজার্ভাদের সঙ্গে সহায়তা করার জন্য যে আধিকারিকদের তালিকা দেওয়া হয়েছে,সেখানে

পঞ্চায়েত কর্মী এবং পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের অনুগত সদস্যদের নাম রয়েছে। এই রাজ্য সরকারি কর্মচারীদের ফেডারেশন তৃণমূল কংগ্রেস নেতৃত্বাধীন একটি ইউনিয়ন। যেসব কর্মীদের তালিকাভুক্ত করা হয়েছে তাদের ফাঁকা কাগজে স্বাক্ষর করতে বাধ্য করা এবং কোন লিখিত নির্দেশের পরিবর্তে মৌখিক নির্দেশ ও হোয়াটসঅ্যাপে বার্তা পাঠানো হয়েছে। বিরোধী দলনেতা জানান,উত্তরবঙ্গের মাটিয়ালি,রাজগঞ্জ,ধুপগুড়ি সদর,ময়নাগুড়ি,বানারহাট, নাগরাকাটা সহ বিভিন্ন ব্লকে কৌশলগতভাবে এই নির্বাচিত কর্মচারীদের তালিকা দেওয়া হয়েছে। শ্রী অধিকারী আরো বলেন,শাসক দল গোপন প্রভাবের মাধ্যমে স্বচ্ছতা ছাড়াই অনুগতদের দাবার গুটির মতো ব্যবহার করছে। বিষয়টি বিবেচনা করে পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করা এবং দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য শ্রী অধিকারী নির্বাচন কমিশনের কাছে আর্জি জানিয়েছেন।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে গ্রামীণ স্তরে প্রশাসনিক ক্ষমতায়ন ও পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির জন্য প্রয়োজনভিত্তিক উন্নয়ন প্রকল্পে সহায়তা দিতে কেন্দ্রীয় সরকার পঞ্চদশ অর্থ কমিশনের অনুদানের দ্বিতীয় কিস্তি ছেড়েছে। এই কিস্তিতে পশ্চিমবঙ্গের জন্য প্রায় ৬৮১ কোটি টাকা দিয়েছে। এই অর্থ দেওয়া হবে রাজ্যের ২১টি জেলা পরিষদ, ৩৩৫টি পঞ্চায়েত সমিতি এবং ৩,২২৫টি গ্রাম পঞ্চায়েতের জন্য।

পানীয় জল, নিকাশি, রাস্তা, আলো, স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তোলা এবং গ্রামীণ পরিকাঠামো উন্নয়নের মতো বিভিন্ন ক্ষেত্রে এই টাকা ব্যবহার করা যাবে বলে কেন্দ্রীয় সরকার সূত্রে জানানো হয়েছে। তৃণমূল স্তরে পরিকাঠামো আরও শক্তিশালী করার পাশাপাশি গ্রামাঞ্চলে প্রয়োজনভিত্তিক উন্নয়নকে ত্বরান্বিত করতে এটি সহায়ক হবে বলে মনে করা হচ্ছে। পশ্চিমবঙ্গ ছাড়াও ২০২৫–২৬ অর্থবর্ষের এই কিস্তি দেওয়া হয়েছে বিহার, হরিয়ানা, হিমাচল প্রদেশ, উত্তরপ্রদেশকে।

ooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সরকার একের পর এক কেন্দ্রীয় প্রকল্প রূপায়ণে বাধা সৃষ্টি করছে বলে রাজ্য বিজেপি সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন। রাজ্যসভায়

গতকাল কেন্দ্রীয় বাজেটের সমর্থনে বক্তব্য রেখে তিনি বলেন, বিগত বছরগুলিতে ৩ হাজার ৬-শোটি কোম্পানী তাদের সদর দফতর পশ্চিমবঙ্গ থেকে সরিয়ে অন্যত্র নিয়ে গেছে। এরাজ্যের শিক্ষিত যুবক-যুবতীদের চাকরির সন্ধানে অন্য রাজ্যে যেতে হচ্ছে।

(বাইট – শমীক)

ooooooooooooooooooooooooo

রাজ্যে তৃণমূল কংগ্রেসের অধীনে আইন-শৃঙ্খলা পরিস্থিতির ব্যাপক অবনতি হয়েছে বলে ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব অভিযোগ করেছেন। উত্তর ২৪ পরগনার বনগাঁয় দুই বিজেপি বিধায়কের পরিবারের ওপর আক্রমণ ও গাড়ি ভাঙচুরের ঘটনায় গতকাল সদস্যদের সঙ্গে দেখা করেন শ্রী দেব।

(বাইট – বিপ্লব দেব)

উল্লেখ্য, গত মঙ্গলবার একটি ধর্মীয় অনুষ্ঠান থেকে ফেরার সময় বিধায়ক অশোক কির্তনীয়া এবং স্বপন মজুমদারের পরিজনের ওপর হামলা চালায় একদল দুষ্কৃতি। শাসক দলের মদতেই এই হামলা চালানো হয়েছে বলে বিজেপি-র অভিযোগ। এই ঘটনায় ইতিমধ্যেই তিনজনকে গ্রেফতার করা হয়েছে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় কর্পোরেট বিষয়ক মন্ত্রকের কাছ থেকে কোন অনুমতি না মেলায় রোজভ্যালি অ্যাসেট ডিসপোজাল কমিটির বিরুদ্ধে গুরুতর প্রতারণা তদন্ত দফতর বা এস এফ আই ও কোন রিপোর্ট দিতে পারছে না বলে কলকাতা হাইকোর্টে জানানো হয়েছে। এজন্য আরও চার সপ্তাহের সময় চেয়েছে এস এফ আই ও।

যদি বিচারপতি রাজর্ষী ভরদ্বাজ জানিয়েছেন, সময়মতো রিপোর্ট না দিলে রোজভ্যালির সম্পত্তি কেনাবেচার প্রক্রিয়া পিছিয়ে যাবে। ফলে আমানতকারীদের টাকা ফেরত দিতে আরও কিছুটা সময় লাগতে পারে।

উল্লেখ্য, গত ১৩-ই জানুয়ারী রোজভ্যালির বাজেয়াপ্ত হওয়া ৩০ হাজার কোটি টাকার সম্পত্তি নয়ছয় নিয়ে এস এফ আই ও-কে তদন্তের নির্দেশ দেয় কলকাতা হাইকোর্ট। দুই বিচারপতি রাজর্ষী ভরদ্বাজ ও উদয় কুমারের ডিভিশন বেঞ্চ আগামী ১ মাসের মধ্যে প্রাথমিক তদন্ত রিপোর্ট জমা দিতে বলেন। এর প্রেক্ষিতেই দফতরের পক্ষ থেকে আদালতে সময় চাওয়া হয়। আগামী ১২-ই মার্চ মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল নিয়োগ প্রক্রিয়ায় লিখিত পরীক্ষায় প্রার্থীর নাম, প্রাপ্ত নম্বর এবং নির্দিষ্ট সংরক্ষিত শ্রেণীর উল্লেখ করে কলকাতা হাইকোর্ট তালিকা প্রকাশের যে নির্দেশ দিয়েছে তার বিরুদ্ধে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। দুই বিচারপতি মধুরেশ প্রসাদ ও প্রসেনজিৎ বিশ্বাসের ডিভিশন বেঞ্চে গতকাল রাজ্যের পক্ষ থেকে সময় চেয়ে নেওয়া হয়। এক সপ্তাহের পর মামলার পরবর্তী শুনানি হতে পারে।

উল্লেখ্য, ২০২৪ সালের এই নিয়োগ প্রক্রিয়ায় লিখিত পরীক্ষা হয় ২০২৫ সালে। তার ফলাফল বের হয় গত বছরের ২৯-শে ডিসেম্বর। ফলাফল প্রকাশ হলে দেখা যায়, নম্বরহীন তালিকা প্রকাশ করেছে পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। সেটিকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হন প্রার্থীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দীর্ঘ লড়াইয়ের পর মৃত্যু হল নিপা ভাইরাসে আক্রান্ত তরুণী নার্সের। গত ১০-ই জানুয়ারি থেকে বারাসাতের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন কাটোয়ার বাসিন্দা ওই নার্স। হাসপাতাল সূত্রের খবর, তার শারীরিক অবস্থার ধীরে ধীরে উন্নতি হচ্ছিল। ভেন্টিলেশন থেকেও তাকে বার করে আনা হয়েছিল। ফের শ্বাসকষ্ট দেখা দেওয়ায় বুধবার তাঁকে ভেন্টিলেশনে দেওয়া হয়। গতকাল সকালে প্রবল হৃদরোগে আক্রান্ত হন তিনি। চিকিৎসকদের সবরকম চেষ্টা সত্ত্বেও বিকেলে তাঁর মৃত্যু হয়।

উল্লেখ্য বাংলায় নিপা ভাইরাসে আক্রান্ত এই তরুণী নার্সের সঙ্গে এক পুরুষ নার্সও ওই হাসপাতালেই চিকিৎসাধীন ছিলেন। সম্প্রতি তিনি সুস্থ হয়ে বাড়ি ফিরে চিকিৎসকদের পর্যবেক্ষণে রয়েছেন।

পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভায়রোলজিতে নমুনা পরীক্ষার পর তাদের নিপা আক্রান্ত হওয়ার বিষয়টি নিশ্চিত হয়। এরপরই তাদের সংস্পর্শে আসা ১৫০ জনেরও বেশি ব্যক্তির নমুনা পরীক্ষা করা হয়। তবে তাদের রিপোর্ট নেগেটিভ বলেই স্বাস্থ্য দপ্তর সূত্রের খবর। সংক্রমিত নার্সদের সংস্পর্শে আসায় আরো এক নার্স ও চিকিৎসককে বেলেঘাটা আইডি হাসপাতালেও ভর্তি করা হয়েছিল। নিপা সংক্রমণ মোকাবিলায় রাজ্য সরকার চিকিৎসা সংক্রান্ত একটি গাইডলাইন জারি করেছিল। বেলেঘাটা আইডি হাসপাতালেও বিশেষ ব্যবস্থা করা হয়।

ooooooooooooooooooooooooo

রেল মন্ত্রক পুরুলিয়ায় তিনটি প্যাসেঞ্জার হল্ট তৈরির অনুমোদন দিয়েছে। পুরুলিয়া শহরের উপকণ্ঠে সিধো-কানহো বীরসা বিশ্ববিদ্যালয়ের কাছে এবং পুনদাগের কাছে সিধি জামড়া এলাকাতে রেলের তরফে প্যাসেঞ্জার হল্ট স্টেশন তৈরির কথা জানানো হয়েছে।

এছাড়াও জেলার তোরাং এবং সুইসা স্টেশনের মাছে রাঙামাটি এলাকায় হবে তৃতীয় হল্টটি। একই সঙ্গে অনুমোদন মিলেছে পুরুলিয়া থেকে অযোধ্যা হয়ে আনন্দবিহার পর্যন্ত চলাচলকারী সাপ্তাহিক নতুন ট্রেনের। রেল পরিষেবার উন্নয়নে পুরুলিয়াকে অগ্রাধিকার দেওয়ায় সাংসদ জ্যোর্তিময় সিং মাহাতো, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ-কে ধন্যবাদ জানিয়েছেন।

রেলওয়ে বোর্ড মুর্শিদাবাদ জেলার নসিপুরে একটি নতুন প্যাসেঞ্জার হল্টের অনুমোদন দিয়েছে। এরফলে একই জেলার অংশ হওয়া সত্ত্বেও ভাগীরথী নদীর জন্য বিচ্ছিন্ন থাকা আজিমগঞ্জ ও নসিপুরের মধ্যে যোগাযোগ স্থাপন সম্ভব হবে। উপকৃত হবেন স্থানীয় বাসিন্দারা। পাশাপাশি মুর্শিদাবাদ ও জিয়াগঞ্জের মধ্যবর্তী এই হল্ট স্টেশন তৈরির ফলে স্থানীয় যাত্রীদের উত্তরবঙ্গগামী ট্রেন ধরার জন্য আর দূরবর্তী স্টেশনে যেতে হবে না ।

ooooooooooooooooooooooooo

হুগলী জেলার ত্রিবেণীতে তিন দিন ব্যাপী কুম্ভ মহোৎসবের আজ সমাপ্তি। গ্রাম গঞ্জ থেকে অসংখ্য মানুষ এই পুণ্য স্নানে অংশ নিতে ত্রিবেণী আসছেন।

একটি প্রতিবেদন –

(ভিসি-প্রবীর ভট্টাচার্য্য)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের ঝাওতলায় আজ সকালে ডেকরেটারের একটি কাঠের গোডাউনে আগুন লাগে। দমকলের দুটি ইঞ্জিন সেখানে গেছে। কিভাবে আগুন লাগলো তা খতিয়ে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব বেতার দিবস। এবারের মূল ভাবনা , রেডিও ও কৃত্রিম বুদ্ধিমত্তা: এ আই একটি হাতিয়ার- কণ্ঠস্বর নয়। জনকল্যাণ ও সচেতনতা তৈরিতে বেতারের গুরুত্ব তুলে ধরতে রাষ্ট্র সংঘ ১৯৪৬ সাল থেকে দিনটি উদযাপন করে আসছে। ভারতে মোট জনসংখ্যার ৯৯ শতাংশ মানুষ নানা ভাষা ও আঞ্চলিক বিষয়ে বেতার সম্প্রচার শুনে থাকেন, এর সঙ্গে ৫২৮ টি কমিউনিটি রেডিও স্টেশন সারা দেশের তৃণমূল স্তরে স্থানীয় সংস্কৃতি ও বিজ্ঞান সচেতনতামূলক বিষয় নিয়ে কাজ করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা আজ গতকালের থেকে কিছুটা কম। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দেড় ডিগ্রী কম। আগামী এক সপ্তাহে রাজ্যে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০